# জুলাই হত্যা মামলায় কারাগারে ধানমন্ডিতে ‘জয় বাংলা’ দিয়ে পিটুনি খাওয়া নারী



সংগৃহীত ছবি

আজ ধানমন্ডি ৩২ এলাকায় 'জয় বাংলা' স্লোগান দেওয়ায় মারধরের শিকার সালমা ইসলাম নামে এক নারীর জামিনের আবেদন নামঞ্জুর করে তাকে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত।

আজ শুক্রবার (১৪ নভেম্বর) পুলিশের আবেদনের পর ঢাকার ম্যাজিস্ট্রেট পার্থ ভদ্রের আদালত এ আদেশ দেন। এর আগে গত বৃহস্পতিবার বিকাল সাড়ে পাঁচটায় ধানমন্ডি থানায় জুলাইয়ে হত্যাচেষ্টা মামলায় সন্দেহভাজন আসামি হিসেবে তাকে গ্রেপ্তার করা হয়।

মামলার তদন্ত কর্মকর্তা ধানমন্ডি থানার উপপরিদর্শক আনোয়ার মিয়া আসামিকে আদালতে হাজির করে কারাগারে আটক রাখার আবেদন করেন।

আবেদনে বলা হয়, গত বৃহস্পতিবার ধানমন্ডি ৩২ নম্বরের সামনে থেকে বিএনপি-জামায়াতের লোকজন ওই নারীকে আটক করে পুলিশের কাছে দেয়। প্রাথমিক তথ্যপ্রমাণে ঘটনার সঙ্গে তার সম্পৃক্ততা পাওয়া যাচ্ছে। আসামির নাম-ঠিকানা যাচাই করা হচ্ছে। মামলার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তের স্বার্থে তাকে কারাগারে রাখা প্রয়োজন।

তদন্ত কর্মকর্তা আনোয়ার মিয়া বিষয়টি নিশ্চিত করেছেন।

এদিকে আসামি পক্ষের আইনজীবী আবুল হোসেন পাটোয়ারি জামিন চেয়ে শুনানি করেন। রাষ্ট্রপক্ষ থেকে এর বিরোধিতা করা হয়। উভয় পক্ষের শুনানি শেষে আদালত তার জামিন আবেদন নামঞ্জুর করেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, বৃহস্পতিবার ধানমন্ডি ৩২-এ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বাড়ির সামনে 'জয় বাংলা' স্লোগান দেওয়ায় ওই নারীকে গণপিটুনি দেওয়া হয়। গণপিটুনির পর তাকে পুলিশের কাছে হস্তান্তর করে স্থানীয়রা।

মামলার অভিযোগে বলা হয়েছে, জুলাই আন্দোলন চলাকালে গত বছরের ১৯ জুলাই রাজধানীর ধানমন্ডি এলাকায় আন্দোলনে অংশ নেন আবু সাঈদ মু. সাইম। ওই দিন সকালে সাত মসজিদ রোড এলাকায় মিছিল করার সময় তাদের ওপর হামলা হয়। হামলায় একটি গুলি তার পিঠে লেগে পেট দিয়ে বেরিয়ে যায়। এরপর তিনি বিভিন্ন হাসপাতালে চিকিৎসা নেন। এ ঘটনায় গত বছরের ১ ডিসেম্বর ধানমন্ডি থানায় ওবায়দুল কাদেরসহ ৩৭ জনের বিরুদ্ধে হত্যাচেষ্টা মামলা করেন।